



জরুরি পত্র

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য-১/পনি-৮৯২

তারিখ: ২২/১০/২০২৩

বিষয় : ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার পরীক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট নিম্নলিখিত তারিখ সমূহে পরীক্ষা শাখা (কক্ষ নং-১২১৪) থেকে বিতরণ করা হবে। তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের মাধ্যমে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময়ে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে তাঁর কেন্দ্রের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল। অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজে বা তাঁর প্রেরিত প্রতিনিধি উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট কেন্দ্রের বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সিদ্ধান্তের কপি অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট গ্রহণের জন্য আবেদনের উপর বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট প্রদান করা সম্ভব হবে না। একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে অনুরোধ করা হ'ল।

তারিখ ও সময়

ক্রমিক নং	জেলার নাম	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট বিতরণের তারিখ ও সময়	বিতরণের স্থান
১.	বগুড়া, সিরাজগঞ্জ	২৩/১০/২০২৩, সময় ১০.০০ টা	মাধ্যমিক পরীক্ষা শাখা (পুরাতন ভবন, ২য় তলা, কক্ষ নং-১২১৪)
২.	পাবনা, নাটোর, জয়পুরহাট	২৫/১০/২০২৩, সময় ১০.০০ টা	
৩.	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ	২৬/১০/২০২৩, সময় ১০.০০ টা	

২২/১০/২৩

প্রফেসর মো: আরিফুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন-০২৫৮৮-৮৫৬২৩১

প্রাপকঃ
কেন্দ্র সচিব
রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাভুক্ত সকল কেন্দ্র
মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা-২০২৩

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য: পরীক্ষা-১/পনি-৮৯২(৪০০০)

তারিখ: ২২/১০/২০২৩

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- উপজেলা নির্বাহী অফিসার, (রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, জয়পুরহাট জেলার অন্তর্ভুক্ত সকল উপজেলা)
- অধ্যক্ষ/প্রধান শিক্ষক, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাভুক্ত সকল মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান (তাঁর নিজ নিজ কেন্দ্র হতে টেবুলেশন শীটসহ একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংগ্রহ করার জন্য অনুরোধ করা হ'ল।)

২২/১০/২৩

মো: মুঞ্জুর রহমান খান

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন-০২৫৮৮৮৫৫৮৫১